

তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ

১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ,
কাওরান বাজার বা/এ ঢাকা-১২১৫।

সূত্র নং- প্রশাসনঃ-২০০৪/২

তারিখঃ ১২-০৪-২০১৬

প্রশাসন বিভাগ

দপ্তরাদেশ নং- ১৮/২০১৬

বিষয়ঃ বাংলাদেশ গেজেটে প্রকাশিত প্রাকৃতিক গ্যাস ব্যবহারকারী বিভিন্ন শ্রেণীর গ্রাহকদের জন্য ইভিসিযুক্ত মিটার স্থাপনের গাইডলাইনে এনার্জি এফিসিয়েন্ট স্থাপনায়ুক্ত গ্রাহক নির্বাচনের লক্ষ্যে ন্যূনতম এফিসিয়েন্সীর প্রমিতমান নির্ধারণ প্রসঙ্গে।

১। গত ২৪/০৮/২০১৫ তারিখে পেট্রোবাংলার অধীনস্থ কোম্পানি প্রধানদের সমন্বয়ে পেট্রোবাংলার চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে পেট্রোবাংলার ৪০তম মাসিক পর্যালোচনায় সভায় একটি কমিটির মাধ্যমে এনার্জি এফিসিয়েন্ট স্থাপনার প্রমিতমান নির্ধারণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে পেট্রোবাংলা কর্তৃক গঠিত কমিটির দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী এনার্জি এফিসিয়েন্ট স্থাপনা নির্ধারণের ক্ষেত্রে নিম্নলিখিত ব্যবস্থা/কার্যক্রম সন্নিবেশিত থাকতে হবেঃ

(ক) বয়লারকে Energy Efficient বয়লার হিসাবে বিবেচনা করার ক্ষেত্রে ঐ বয়লার ও বয়লার প্লান্টে নিম্নবর্ণিত ব্যবস্থা/কার্যক্রম সন্নিবেশিত থাকতে হবেঃ

- ✓ক.১. যথাযথ Air Fuel Ratio বজায় রেখে Combustion efficiency নিশ্চিত করা এবং নিয়মিতভাবে Flue Gas analysis করে তা পর্যবেক্ষণ করা;
- ✓ক.২. স্টীম লাইন, ফিটিংস ও ভালভসমূহ এবং ব্লো-ডাউন লাইন যথাযথভাবে অন্তরিত (Insulation) থাকলে;
- ✓ক.৩. Total Dissolved Solid (TDS) পরিমাপ ভিত্তিক অথবা স্বয়ংক্রিয় ব্লো-ডাউন সিস্টেম সংযোজিত/স্থাপিত;
- ✓ক.৪. প্রসেস প্লান্ট হতে Condensate recovery করে তা পুনরায় বয়লার ফিড ওয়াটার হিসাবে ব্যবহার করলে;
- ✓ক.৫. ১ টন/ঘন্টা ও তদুর্ধ্ব ক্ষমতার বাষ্প উৎপাদনকারী বয়লারে Economizer স্থাপিত থাকলে এবং
- ✓ক.৬. বয়লারের জন্য কার্যকরী ফিড ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট (feed water treatment plant) ও সফেনিং প্লান্ট (softening plant) স্থাপিত থাকলে।

শুধুমাত্র বয়লারের ন্যূনতম তাপীয় দক্ষতা ৮২% হলে এবং অনুচ্ছেদ (ক) এ বর্ণিত ব্যবস্থা/কার্যক্রম সন্নিবেশিত থাকলে ও উল্লিখিত ব্যবস্থাদিসহ বয়লার প্লান্টের ন্যূনতম তাপীয় দক্ষতা ৮৫% থাকলে উক্ত বয়লার/বয়লার প্লান্টকে Energy Efficient বয়লার/বয়লার প্লান্ট হিসাবে বিবেচনা করা হবে।

(খ) জেনারেটর/ক্যাপটিভ পাওয়ার প্লান্টকে Energy Efficient জেনারেটর/ক্যাপটিভ পাওয়ার প্লান্ট হিসাবে বিবেচনা করার ক্ষেত্রে ঐ জেনারেটর/ক্যাপটিভ পাওয়ার প্লান্টে নিম্নবর্ণিত ব্যবস্থাসমূহ সন্নিবেশিত থাকতে হবেঃ

- খ.১. যথাযথ Air Fuel Ratio বজায় রেখে Combustion efficiency নিশ্চিত করা এবং নিয়মিতভাবে Flue Gas analysis করে তা পর্যবেক্ষণ করা;

খ.২. জেনারেটরের অপচয়কৃত তাপশক্তি (Flue Gas and Jacket Water Heat) পুনরুদ্ধারে ওয়েস্টেজ হিট রিকভারি এর ব্যবস্থা (Exhaust Gas Boilers, Hot Water Generators, Chillers ইত্যাদি) সন্নিবেশিত থাকলে।

শুধুমাত্র জেনারেটরের ন্যূনতম ইলেক্ট্রিক্যাল এফিসিয়েন্সি ৩৫% হলে ও অনুচ্ছেদ ৫.২ এ বর্ণিত ব্যবস্থা সন্নিবেশিত হলে এবং উল্লিখিত ব্যবস্থাদিসহ ক্যাপটিভ পাওয়ার প্লান্টের ন্যূনতম কোজেনারেশন এফিসিয়েন্সি ৬০% থাকলে উক্ত জেনারেটর/ক্যাপটিভ পাওয়ার প্লান্টকে Energy Efficient জেনারেটর/ক্যাপটিভ পাওয়ার প্লান্ট হিসাবে বিবেচনা করা হবে।

(গ) ফার্নেসকে Energy Efficient ফার্নেস হিসাবে বিবেচনা করার ক্ষেত্রে ঐ ফার্নেসকে নিম্নবর্ণিত ব্যবস্থাসমূহ সন্নিবেশিত থাকতে হবে :

গ.১. স্বয়ংক্রিয় নিয়ন্ত্রিত বার্নার স্থাপিত এবং যথাযথ Air Fuel Ratio বজায় রেখে Combustion efficiency নিশ্চিতকৃত এবং নিয়মিতভাবে Flue Gas analysis করে তা পর্যবেক্ষণকৃত;

গ.২. ফার্নেস যথাযথভাবে সীলিত থাকলে;

গ.৩. যথাযথমানের তাপ নিরোধক দ্বারা ফার্নেসে অন্তরিত (insulated) থাকলে এবং

গ.৪. অপচয়কৃত তাপশক্তি পুনরুদ্ধারে recuperator স্থাপিত থাকলে।

অনুচ্ছেদ (গ) এ বর্ণিত ব্যবস্থা সন্নিবেশিত হলে ও উল্লিখিত ব্যবস্থাদিসহ ফার্নেসের ন্যূনতম তাপীয় দক্ষতা ৭০% থাকলে উক্ত ফার্নেসকে Energy Efficient ফার্নেস হিসাবে বিবেচনা করা হবে।

(ঘ) গ্যাস ব্যবহারকারী বাণিজ্যিক/শিল্প প্রতিষ্ঠানসমূহে জ্বালানির অপচয় রোধ ও ভবিষ্যৎ জ্বালানি নিরপত্তার স্বার্থে Certified Energy Auditor (CEA) আছে এমন নিবন্ধিত এনার্জি অডিটিং ফার্ম বা সরকার স্বীকৃত প্রতিষ্ঠানের মাধ্যমে স্থাপনার বর্তমান/প্রক্ষেপিত তাপীয় দক্ষতা, তাপ অপচয়ের কারণ ও অপচয় রোধে গৃহীত/করণীয় ব্যবস্থাদির পূর্ণাঙ্গ বিবরণসহ সাশ্রয়কৃত/সাশ্রয়যোগ্য গ্যাসের হিসাব সম্বলিত Efficiency Level Audit (Energy Auditing) করিয়ে কোম্পানি বরাবর গ্রাহক কর্তৃক প্রতিবেদন দাখিল করলে জ্বালানি নিরীক্ষা প্রতিবেদন যথার্থতা পরীক্ষা করে যথাযথ পাওয়া গেলে এবং অনুচ্ছেদ ৫.১-৫.৩ এ উল্লিখিত প্রমিতমান অর্জিত হলে সংশ্লিষ্ট বিতরণ কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে কোন প্রতিষ্ঠানকে গ্যাস সাশ্রয়ী হিসাবে অথবা গ্যাস সাশ্রয়ের ক্ষেত্রে আন্তর্জাতিক মানসম্পন্ন বলে বিবেচনা করা হবে।

(ঙ) ইতিসম্মুখ মিতার স্থাপনের লক্ষ্যে এনার্জি এফিসিয়েন্ট স্থাপনার প্রমিতমান নির্ধারণের বিষয়ে উল্লিখিত নির্দেশনা অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে।

(চ) এ আদেশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

(মাহমুদুর রব)

মহাব্যবস্থাপক (প্রশাসন)।

অনুলিপি:

- ১। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর।
- ২। ডিভিশন প্রধান (
- ৩। বিভাগীয় প্রধান (
- ৪। অফিস কপি।